

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ।

<http://dwa.gajaria.munshig anj.gov.bd>

স্মারক নং : ০৫.৩০.৫৯২৪.০০২.০৫.০০৫.২০১৭-০৯

তারিখঃ- ১০/০১/২০২২ খ্রিঃ

উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির জানুয়ারী/২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জিয়াউল ইসলাম চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার তারিখ : ১০ জানুয়ারী, ২০২২ খ্রিঃ
সভার সময় : বেলা ২.০০ ঘটিকায়
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য-সচিব, উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি, গজারিয়া, মুন্সীগঞ্জ গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ডিসেম্বর/২০২১ মাসে কোন বাল্যবিবাহের তথ্য পাওয়া যায়নি।	বাল্যবিবাহ প্রতিরোধে চলমান কার্যক্রম অব্যাহত থাকবে।	১. উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ। ২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কাযালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ।
০২	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ডিসেম্বর/২০২১ মাসে করোনা পরিস্থিতির কারণে স্বাস্থ্য বিধিমেনে সামাজিক দূরত্ব বজায় রেখে ২ টি সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে।	করোনা পরিস্থিতির অবনতি হওয়ায় স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে সচেতনতামূলক সভা ও উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
০৩	উপজেলা শিক্ষা অফিসার জানান যে, শিক্ষার্থীদের অভিভাবকদের নিয়ে প্রতি মাসে অভিভাবক সভা করা হয়। প্রতি মাসের ন্যায় ডিসেম্বর/২০২১ মাসে বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিভাবক সভায় বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা করা হয়েছে।	প্রতিটি স্কুলের ক্লাসরুমে ১০৯, ৯৯৯, ৩৩৩, ১০৬, ১০৯০ (টোল ফ্রি) নাম্বার প্রচারের ব্যবস্থা করণ এবং বাল্য বিবাহের তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার গজারিয়া, মুন্সীগঞ্জ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।

পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জিয়াউল ইসলাম চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ।

E-mail: unogajaria@gmail.com

ফোনঃ ০২৭৬১৬০৪৪

তারিখঃ ১০/০১/২০২২খ্রিঃ

স্মারক নং :- ৩২.০১.৫৯২৪.০০০.৩৩.০০২.২০১৭-০৯

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
২. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৪. উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৫. অফিসার ইন চার্জ গজারিয়া থানা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৬. ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৭. উপজেলা.....কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৮. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), গজারিয়া, মুন্সীগঞ্জ।
৯. অফিস কপি।